



## ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব ২০১৭

আমাদের গ্রামবাংলার মানুষের জীবনের দুঃখ-বেদনা-আনন্দ-বিরহ-শ্রেম-অভিমান-বন্দনা, সব মানবিক অনুভূতিকে গানের সুরে ও কথায় প্রকাশ করে আমাদের লোকসংগীত। এই সংগীতই হচ্ছে যেকোনো দেশের সংস্কৃতির মূল স্তম্ভ, যা কিনা ছড়িয়ে থাকে আমাদের শেকড়ের গভীরে। যার আবেদন কখনোই হারাবার নয়।

তাইতো বারবার ছুটে আসি শেকড়ের টানে, জীবনের দর্শন খুঁজি সীমানা ছাড়ানো বিভিন্ন লোকজ গানে। বাঙলার শেকড়ে ছড়িয়ে থাকা এই গানকে বিশ্বের দরবারে পরিচিত করতেই তৃতীয়পর্বের আয়োজন, ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব ২০১৭।

আজ আমাদের এই উৎসব শুধু দেশে নয়, দেশের বাইরেও সমানভাবে জনপ্রিয়। বাংলার এই জনপ্রিয় লোকসংগীত উৎসবের ডাক উঠেছে পশ্চিমা দেশগুলোতেও।

লোকসংগীত-ই হবে বাংলাদেশকে এবং বাংলাদেশের সংস্কৃতিকে বিশ্বের সামনে তুলে ধরার নতুন উপলক্ষ্য। এই বাস্তবতা ও অনুপ্রেরণা নিয়ে সান কমিউনিকেশনস্ লি: ও মাছরাঙা টেলিভিশন আগামী ০৯ থেকে ১১ নভেম্বর বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে প্রতিদিন সন্ধ্যা ৬.০০টা থেকে রাত ১.৩০ পর্যন্ত আয়োজন করতে যাচ্ছে ৩ দিনব্যাপী 'আন্তর্জাতিক লোকসংগীত উৎসব, ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট ২০১৭'। প্রতিবছরের মত এ বছরও দর্শকরা শুধুমাত্র অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে লোকসংগীতের এই মহোৎসব উপভোগ করতে পারবেন সম্পূর্ণ বিনামূল্যে।

এই বছর বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ইরান, ব্রাজিল, মালী, অস্ট্রেলিয়া, ফ্রান্স ও জাপান থেকে প্রায় ১৪০ জন লোকসংগীত শিল্পী অংশগ্রহণ করবেন এবারের অনুষ্ঠানে।

লোকসংগীতের এই মহোৎসবে এবারের উল্লেখযোগ্য শিল্পীরা হলেন বাংলাদেশের শাহজাহান মুন্সি, আরিফ দেওয়ান, ফকির শাহাবুদ্দিন, শাহনাজ বেলী, শাহ আলম সরকার ও আলিয়া বেগম, বাউলা, বাউলিয়ানা। ভারত থেকে পাপন, নুরান সিস্টার্স, বাসুদেব দাস বাউল। মালী'র বিশ্বখ্যাত গ্র্যামি বিজয়ী তিনারিওয়েন ব্যান্ড। পাকিস্তান থেকে মিকাল হাসান ব্যান্ড। নেপাল থেকে কুটুম্বা। তিব্বতের ফোক শিল্পী তেনজিন চো'য়েগাল। ইরান থেকে রাস্তাক। ব্রাজিল থেকে মোরিসিও টিয়ুমবাসহ আরও অনেকে পরিবেশন করবেন শেকড় সন্ধানী গান।

গতবারের আসরের মতো এবারও দর্শকরা বিনামূল্যে শুধুমাত্র অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে অনুষ্ঠানটি সরাসরি উপভোগ করতে পারবেন। নিরাপত্তার স্বার্থে মোবাইল ফোনে ওটিপি ভেরিফিকেশনের মাধ্যমে এবারের রেজিস্ট্রেশন করতে হবে। প্রতিটি মোবাইল নম্বর থেকে একটি করে রেজিস্ট্রেশন করতে পারবেন।

এজন্য DHAKAINTERNATIONALFOLKFEST.COM ওয়েবসাইটটিতে গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য জাতীয় পরিচয়পত্র, পাসপোর্টের নম্বর বা স্কুল/কলেজের ফটো আইডি কার্ড প্রয়োজন হবে। রেজিস্ট্রেশন সফল হলে পরবর্তী নির্দেশনা অনুযায়ী এন্ট্রিপাস প্রিন্ট করতে হবে। অনুষ্ঠানস্থলে তিনদিনের জন্য তিনটি আলাদা এন্ট্রিপাস প্রদর্শন করতে হবে। ফেসবুকের 'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট' পেইজটিতে পাওয়া যাবে আয়োজনের সকল তথ্য।

অনুষ্ঠানটির টেলিভিশন সম্প্রচারের দায়িত্বে থাকবে মাছরাঙা টেলিভিশন। ফেসবুকের 'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট' পেইজটি এবং এর নিজস্ব ইউটিউব চ্যানেলে পুরো অনুষ্ঠানটি লাইভ দেখার সুযোগ থাকবে।

'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব ২০১৭' উপলক্ষে ২৯ অক্টোবর 'দ্য ওয়েস্টিন ঢাকা' হোটেলে সকাল ১১:০০টায় একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সান কমিউনিকেশনস্ লি:-এর চেয়ারম্যান, স্কার টয়লেট্রিজ, স্কার ফুড অ্যান্ড বেভারেজ ও মাছরাঙা টেলিভিশন-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব অঞ্জন চৌধুরী, ঢাকা ব্যাংক লি:-এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব সৈয়দ মাহবুবুর রহমান, ইম্পাহানী গ্রুপের পরিচালক জনাব এমাদ ইম্পাহানী, গ্রিন ডেল্টা ইনস্যুরেন্স এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মিস ফারজানা চৌধুরি।

মেরিল প্রেজেন্টস ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট ২০১৭, পাওয়ার্ড বাই ঢাকা ব্যাংক, ফুড পার্টনার রাঁধুনী, হট বেভারেজ পার্টনার ইম্পাহানী, লজিস্টিক পার্টনার বেঙ্গল ডিজিটাল, অ্যাসোসিয়েট পার্টনার গ্রীন ডেল্টা ইনস্যুরেন্স, পিআর পার্টনার মিডিয়াকম লিমিটেড, সিকিউরিটি পার্টনার এইজিস সিকিউরিটি ফোর্স, মেডিকেল পার্টনার স্কার হসপিটালস লিঃ, হসপিটালিটি পার্টনার দ্য ওয়েস্টিন ঢাকা, রেডিও পার্টনার রেডিও দিনরাত ৯৩.৬ এফএম, রেজিস্ট্রেশন পার্টনার টিকেটচাই এবং ব্রডকাস্ট পার্টনার মাছরাঙা টেলিভিশন, ফেস্টিভালের আয়োজক সান কমিউনিকেশনস।